অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল স্মার্ট স্ট্রিট লাইটিং NY প্রোগ্রামের অধীনে 286,000 এরও বেশী এলইডি রাস্তার আলো লাগানোর ঘোষণা করেছেন

প্রোগ্রামটি স্টেটের 500,000-এর লক্ষ্যের মাইলফলকটি প্রায় অর্ধেক অতিক্রম করে ফেলেছে
2025 সালের মধ্যে সব রাস্তার আলোগুলি এলইডি দিয়ে বদলানো হবে

স্মার্ট স্ট্রিট লাইটিং NY ভিডিও

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে এখন নিউ ইয়র্কে 286,000 এরও বেশী রাস্তার আলো এলইডি আলো দিয়ে বদলানো হয়েছে, যা স্মার্ট স্ট্রিট লাইটিং NY এর অধীনে 2025 সালের মধ্যে অন্তত 500,000 টি রাস্তার আলো এলইডি প্রযুক্তি দিয়ে বদলানোর স্টেটের লক্ষ্যের অর্ধেক মাইলফলকটি অতিক্রম করেছে। রাস্তার আলো লাগানোর উদ্যোগটি — যা নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি পরিচালনা করছে — সেটি আলোর মান ও আশেপাশের অঞ্চলের নিরাপত্তা উন্নত করার পাশাপাশি সম্পূর্ণ স্টেট জুড়ে শক্তি ও আলো রক্ষনাবেক্ষণের খরচও কম করছে। উদ্যোগটি বিদ্যুতের চাহিদা 2025 সালের মধ্যে — বার্ষিক ভিত্তিতে তিন শতাংশ — যা 1.8 মিলিয়ন নিউ ইয়র্ক পরিবারের সমতুল্য — সেটি হ্রাস করার জন্য শক্তিতে কার্যকর ব্যবহার বৃদ্ধি করার মাধ্যমে, দেশের সবচেয়ে আক্রমণাত্মক আবহাওয়া পরিবর্তনের আইন, আবহাওয়া নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act)-এর লক্ষ্যগুলিকেও সরাসরি সহায়তা করে।

গভর্নর হোচুল বলেছেন, "সমগ্র নিউ ইয়র্ক জুড়ে সব আকারের পৌরসভাগুলি স্মার্ট স্ট্রিট লাইটিং NY প্রোগ্রামের অধীনে তাদের রাস্তার আলোগুলিকে দ্রুত এলইডি প্রযুক্তিতে বদল করছে। নতুন এলইডি রাস্তার আলোর সরঞ্জামগুলি স্টেটের জন্য একটি গুরুত্বপূর্ণ পরিকাঠামোগত উন্নতি কেননা তারা বিদ্যুতের খরচ কম করে, নিরাপত্তা উন্নত করে এবং স্থানীয় সরকারের টাকা বাঁচায়। আমি 2018 সালে উত্তেজনার সাথে এই প্রোগ্রামটির ঘোষণা করেছিলাম এবং তিন বছরের খানিকটা বেশী সময়ের মধ্যে, আমরা অর্ধেক চিহ্নটি অতিক্রম করেছি। আমরা 2025 সালের মধ্যে স্টেটের 500,000 রাস্তার আলোর সরঞ্জাম বদলানোর উচ্চাকাঙ্খী লক্ষ্যটি অতিক্রম করার পথও অনেকটাই পার করে এসেছি।"

পাওয়ার অথোরিটি স্টেট জুড়ে 71,000 এরও বেশী এলইডি রাস্তার আলো লাগিয়েছে, যার মধ্যে প্রায় 60,000 আলো বর্তমানে বদলানো হচ্ছে। NYPA-এর সাথে সহযোগিতায় ইতিমধ্যে এলইডি

রাস্তার আলোতে রুপান্তরিত হওয়া 100 টিরও বেশী পৌরসভাগুলির কয়েকটির মধ্যে রয়েছে:। সাইরাকুজ, আলবানি, রচেস্টার, এবং হোয়াইট প্লেইন্স।

সেই সাথে, সারা স্টেট জুড়ে বিনিয়োগকারীদের-অধিগত সুযোগ-সুবিধাগুলির সাথে কাজ করে, পাবলিক সার্ভিস কমিশন 215,000 টিরও বেশী অতিরিক্ত এলইডি রাস্তার আলো লাগিয়েছে।

NYPA-এর প্রেসিডেন্ট এবং CEO জিল সি. কুইনিনো বলেন, "স্টেটের জন্য স্মার্ট স্ট্রিট লাইটিং NY একটি অত্যন্ত সফল কাহিনী এবং NYPA অত্যন্ত সক্রিয়ভাবে এলইডি রাস্তার আলো লাগানো চালিয়েই যাওয়ার ইচ্ছা রাখে আর আমরা শুধু এই লক্ষ্য পূরণ করার পথেই নেই, বরং 2025 সালের মধ্যে গভর্নরের 500,000 এলইডি রাস্তার আলো লাগানোর লক্ষ্যও অতিক্রম করব। প্রোগ্রামটি, যা পৌরসভাগুলিকে একটি শহরের নিজ নিজ চাহিদাগুলি পূরণ করা SMART সিটি প্রযুক্তিগুলি সম্প্রসারণ করার ক্ষমতাও দেয়, সেটি স্টেট ও আমাদের গ্রাহক উভয়ের জন্য লাভজনক কেননা এটি শক্তির ব্যবহার কম করে, নিরাপত্তা ও পৌরসভা সরকারগুলির কার্যকারিতা উন্নত করে, এবং টাকা বাঁচায়।"

স্মার্ট স্ট্রিট লাইটিং NY: শক্তিতে কার্যকর এবং অর্থনৈতিকভাবে লাভজনক

NYPA সারা নিউ ইয়র্ক জুড়ে এলইডি রাস্তার আলো প্রযুক্তিতে একজন গ্রাহকের বদলে যাওয়া পুরোপুরি পরিচালনা ও বাস্তবায়ন করার জন্য শহর, নগর, গ্রাম ও কাউন্টিগুলির সাথে কাজ করছে। NYPA প্রথমেই প্রকল্পের জন্য আর্থিক সংস্থান প্রদান করে, পরবর্তীতে এলইডি রাস্তার আলো, যা রাস্তার আলোর অন্য বিকল্পগুলির চেয়ে 50 থেকে 65 শতাংশ বেশী কার্যকর, সেগুলি ব্যবহারের শক্তি কম খরচ করে খরচ-সাশ্রয়ী ব্যবস্থাপনা থেকে আগামী বছরগুলিতে NYPA কে টাকা মেটানো হয়।

এই স্টেট ব্যাপী রাস্তার আলোর প্রোগ্রামের মাধ্যমে, SMART প্রযুক্তি যোগ করার জন্য বাতিতে করা বিশেষ পরিবর্তন, যা ডজন ডজন অন্য কাজের জন্য ব্যবহার করা যেতে পারে, যেমন ক্যামেরা আর অন্যান্য নিরাপত্তার বৈশিষ্ট্যগুলি, আবহাওয়ার সেন্সর, ওয়াই-ফাই ও শক্তি মিটার সেগুলি সহ, NYPA-এর সরকারি গ্রাহকদের ব্যক্তিগত চাহিদাগুলি পূরণ করতে সাহায্য করার জন্য আলোর বিকল্পের এক বিশাল সমাহার প্রদান করে।

নিউ ইয়র্কের বিদ্যমান রাস্তার আলোগুলি বদলানোর গভর্নরের প্রচেষ্টাকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, 2020 সালে, সারা স্টেট জুড়ে NYPA-এর লাগানো এলইডি রাস্তার আলোর সরঞ্জামগুলির জন্য নিয়মিত ও কল করে রক্ষণাবেক্ষণ প্রদান করতে NYPA একটি নতুন রক্ষণাবেক্ষণ পরিষেবা চালু করেছে। এই নতুন পরিষেবাটি সেইসব পৌরসভাগুলির কাছে উপলভ্য যারা এলইডি রাস্তার আলো বদলানো বাস্তবায়ন করায় NYPA কে জড়িত করেছে এবং লাগানো হয়ে গেলে ব্যর্থতার সংখ্যা ও প্রয়োজনীয় মেরামতি হ্রাস করে, তাদের রাস্তার আলোর ব্যবস্থায় একটি সম্পদ পরিচালনা নিয়ন্ত্রণ ব্যবস্থা লাগানো বেছে নিয়েছে।

স্মার্ট স্ট্রিট লাইটিং NY এবং NYPA-এর অন্যান্য উদ্যোগী প্রোগ্রামগুলি সম্পর্কে আরো জানতে, NYPA পরিষেবাগুলির ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)
নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ুর কর্মসূচী হল দেশের সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 থেকে সেরে ওঠার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের ডলারে বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলারে, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলারে, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের ডলারে বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে $1.2 বিলিয়নের বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছয় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

NYPA সম্পর্কে
NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য www.nypa.gov দেখুন এবং আমাদের @NYPAenergy এ ট্যুইটার এ, ফেসবুক, ইনস্টাগ্রাম, টাম্বলার ও লিঙ্কডইন এ অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন